যুগান্তর

4 JUN 2017

বাগেরহাটের তাফালবাড়ি কলেজ

# অধ্যক্ষ নিয়োগে অনিয়ম ও ঘুষ লেনদেনের অভিযোগ

**বাগেরহাট প্রতিনিধি**

বাগেরহাটের শরণখোলা উপজেলার তাফালবাড়ি স্কুল এ্যান্ড কলেজে অধ্যক্ষ নিয়োগে অনিয়ম ও ঘুষ লেনদেনের অভিযোগ উঠেছে। সরকারি বিধিকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে দুটি তৃতীয় বিভাগ প্রাপ্ত এবং অভিজ্ঞতা সার্টিফিকেটে জালিয়াতির আশ্রয় নেয়া ব্যক্তিকে নিয়োগ দেয়ার পাঁয়তারা করায় এলাকায় সমালোচনার ঝড় বইছে।

খোঁজ নিয়ে জানা যায়, উপজেলার ওই কলেজে অধ্যক্ষ পদে নিয়োগ দেয়ার লক্ষ্যে ২৩ মে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় প্রথম স্থান অধিকার করেন মানিক চাঁদ নামে এক প্রার্থী। অনুসন্ধানে জানা যায়, অনার্স ও মাস্টার্স পরীক্ষায় তৃতীয় শ্রেণীপ্রাপ্ত প্রথম স্থান অধিকারী মানিক চাঁদ ২০০১ সালে বরিশালের বাকেরগঞ্জের নিয়ামতী সিএ্যান্ডবি ডিগ্রি কলেজে প্রভাষক হিসেবে নিয়োগ পান। এবং মোটা অংকের উৎকোচের বিনিময়ে বিধি বহির্ভূতভাবে এমপিওভুক্ত হন। বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়ের অডিট টিমের কাছে ধরা পড়লে তার বিল-ভাতা উত্তোলন বন্ধ করা হয় এবং তাকে ওই অডিট টিম একাডেমিক মান উন্নয়নের জন্য নির্দেশ দেয়। ২০০৭ সালে নর্দার্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে এমএ পরীক্ষায় তিনি দ্বিতীয় শ্রেণী লাভ করেন। নিয়ামতি ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. জামাল হোসেন বিষয়গুলোর সত্যতা স্বীকার করেন।

এদিকে, বিধি অনুযায়ী ২০০৭ সালে মানিক চাঁদের চাকরি স্থায়ীকরণ হয় এবং ওই সাল থেকে তার চাকরির অভিজ্ঞতা হয় ১০ বছর। অথচ, মাউশি'র বিধি অনুযায়ী অধ্যক্ষ পদে অভিজ্ঞতার কথা বলা রয়েছে ১২ বছর। ওই কলেজের ম্যানেজিং কমিটি ও নিয়োগ বোর্ডের সদস্য নজরুল ইসলাম আকন জানান, সরকারি নীতিমালা লংঘন করে গভর্নিং বডির সভাপতি ও এক প্রভাবশালী রাজনৈতিক নেতা প্রভাব খাটিয়ে নিয়োগ পরীক্ষার সময় মানিক চাঁদকে লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রথম স্থান অধিকার করানোর ব্যবস্থা করান। এবং তিনিসহ নিয়োগ বোর্ডের অন্য উপস্থিত সদস্যদের কোনো মতামত কিংবা নাম্বার প্রদান এমনকি কথা বলার সুযোগ না দিয়ে পছন্দের প্রার্থীকে প্রথম করেন।

বাগেরহাট সরকারি পিসি কলেজের অধ্যক্ষ ও নিয়োগ বোর্ডের ডিজির প্রতিনিধি এএইচএমএ সালেক জানান, পূর্বের নিয়োগ ও অভিজ্ঞতার বিষয়টি তিনি জানেন না। তবে সর্বশেষ বেসরকারি নিয়োগ বিধি অনুযায়ী মানিক চাঁদকে অধ্যক্ষ পদে নিয়োগ দেয়া হবে। সে ক্ষেত্রে কোনো অনিয়ম করা হয়নি।

এ ব্যাপারে মানিক চাঁদ বলেন, যোগ্যতা অনুযায়ী তিনি আবেদন করে পরীক্ষায় প্রথম হয়েছেন। তাফালবাড়ি স্কুল এ্যান্ড কলেজের গর্ভনিং বডির সভাপতি ও আওয়ামী লীগ নেতা মেজবাহ্ উদ্দিন খোকন অনিয়ম কিংবা ঘুষ লেনদেনের বিষয়টি অস্বীকার করে বলেন, বর্তমান নিয়োগ বিধি অনুযায়ী মানিক চাঁদকে নিয়োগ দেয়া হবে। তবে, তার অভিজ্ঞতাসহ চাকরি জীবনের অন্য কাগজপত্রে কোনো ত্রুটি থাকলে তার দায়ভার নিয়োগ কমিটির নয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর